

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শৃংখলা শাখা

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৩.১৭-২৬৫

তারিখঃ ২০/১২/২০১৭ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মুন্সী মনোয়ার হোসেন, সহকারী পরিচালক (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, যশোর (মেডিকেল অফিসার, এমসিএইচ-এফপি, লোহাগড়া, নড়াইল এ কর্মকালীন) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে “অসদাচরণ (Misconduct)” ও “দুর্নীতি (Corrupt)” এর অভিযোগে গত ০৪/০৪/২০১৭ খ্রি. ৪৫.১৫১.০২৭.০০.০০.০১৪.২০১৭/১৮৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তাও জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলায় কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ২৯/১০/২০১৭ খ্রি. তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানি অন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য বেগম সাবিনা ইয়াসমিন, উপসচিব, নার্সিং শিক্ষা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক গত ২১/১১/২০১৭ খ্রি. প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত নয় মর্মে চূড়ান্ত মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর প্রদত্ত জবাব, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ, তদন্ত প্রতিবেদন এবং প্রাসংগিক সকল বিষয় পর্যালোচনায় দেখা যায়, সাক্ষ্য-প্রমাণে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মুন্সী মনোয়ার হোসেন, সহকারী পরিচালক (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, যশোর এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে “অসদাচরণ (Misconduct)” ও “দুর্নীতি (Corrupt)” এর অভিযোগে আনীত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ’ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(ফয়েজ আহম্মদ)  
ভারপ্রাপ্ত সচিব

(অপর পৃষ্ঠা দৃষ্টব্য)

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৩.১৭-২৬৫/১(০২)

তারিখঃ ২২/১২/২০১৭ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)

৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রানালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা  
(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)

৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা

৫। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, যশোর/নড়াইল

৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, যশোর/নড়াইল

৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,  
ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)

৮। ডাঃ মুন্সী মনোয়ার হোসেন, সহকারী পরিচালক (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, যশোর

৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লোহাগড়া, নড়াইল

১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, লোহাগড়া, নড়াইল

স্বঃ আব্দুল কুদ্দুস খান  
২০, ১২, ১৭  
(মোঃ আব্দুল কুদ্দুস খান)  
সহকারী সচিব  
ফোন-৯৫৪৫৬৬৭